**VIA** ভিকটিম সূচনা এবং পরামর্শ

## দণ্ডাদেশ

অভিযুক্ত ব্যক্তি যদি দোষ স্বীকার করে বা তাকে দোষী সাব্যস্ত করা হয়, তাহলে তাদেরকে “অপরাধী” বলা হয়।

কি শাস্তি বা দণ্ডাদেশ প্রদান করা হবে, তা কতগুলি বিকল্প থেকে শেরিফ এটা বেছে নিতে পারেন। বিকল্পগুলির মধ্যে কিছু হলো যে অভিযুক্তকে জেলে পাঠানো বা যুব অপরাধীদের প্রতিষ্ঠানে পাঠানো (হাজতে বন্দী রাখার আদেশ)। অন্য বিকল্পগুলিতে এরকম করা হয় না এবং এগুলিকে বলা হয় বিনা-হাজতের দণ্ড।

কোন সময় শেরিফ অভিযুক্ত ব্যক্তি দোষ স্বীকার করার পরই বা তাকে দোষী সাব্যস্ত করার পরই দণ্ড বা শাস্তি জানিয়ে দেন।

অন্যান্য মামলাগুলিতে তারা পরবর্তী একটা তারিখ পর্যন্ত মামলাটি চালান যাতে অভিযুক্ত ব্যক্তি সম্বন্ধে আরও বেশি তথ্য সংগ্রহ করা যায় এবং দণ্ডবিধির কি বিকল্প উপলব্ধ আছে সেগুলি বিবেচনা করে দেখা যায়। পটভূমি বিষয়ক তথ্যগুলি সংগ্রহ করার ফলে মামলাটির নিষ্পত্তি করার ক্ষেত্রে শেরিফের সাহায্য হয়।

বিচার চলাকালীন অভিযুক্ত ব্যক্তি যদি হাজতে বন্দী থাকেন, তাহলে শেরিফ এটা বিবেচনা করে দেখবেন যে বিচারের আদেশ না হওয়া পর্যন্ত অভিযুক্ত ব্যক্তিকে কি জামিনে ছাড়া যায়। ভিআইএ (VIA) আপনাকে জানাবে যে অভিযুক্ত ব্যক্তির জামিন হবে না তাকে হাজতে রাখা হবে।

এছাড়াও আপনাকে প্রভাবিত করা মামলাটিতে কি দণ্ডাদেশ দেওয়া হয়েছে সেবিষয়ে আমরা আপনাকে জানাবো (যার আদেশ শোনার জন্য আপনি নিজে আদালতে উপস্থিত হতে পারেন)। ভিআইএ (VIA) লিফলেট *দণ্ডাদেশ সম্বন্ধীয় সূচনা* আপনাকে আরও জানতে সাহায্য করবে যে শেরিফ কিভাবে দণ্ডাদেশ জানানোর সিদ্ধান্ত নেন এবং এর অর্থ কি।

## আবেদন

একজন অপরাধী দোষী সাব্যস্তকরণ এবং/বা দণ্ডাদেশের বিরুদ্ধে আবেদন করতে পারেন। প্রসিকিউশন শুধুমাত্র দণ্ডাদেশের বিরুদ্ধে সীমিত কিছু পরিস্থিতিতে আবেদন করতে পারেন।

বিচারক যদি অনুমতি দেন তাহলে একজন অপরাধীকে দণ্ডাদেশ হওয়ার পরেও ছাড়া যেতে পারে যেটাকে বলা হয় ইন্টারিম লিবারেশন। যদি এরকম হয় তাহলে ভিআইএ (VIA) আপনাকে জানাবে।

আপনাকে প্রভাবিত করা মামলাটির জন্য যদি আবেদন করা হয়, তাহলে ভিআইএ (VIA) আপনাকে জানাবে। এছাড়াও আমরা আপনাকে ভিআইএ (VIA) লিফলেট *আবেদন বা আপীল সম্পর্কীয় সূচনার* একটি প্রতিলিপি পাঠিয়ে দেবো যাতে আরও বেশি ব্যাখ্যা করে লেখা থাকবে।

## সহায়তা

আপনি যোগাযোগ করার চেষ্টা করতে পারেন:

**ভিকটিমসহায়তা(সাপোর্ট) স্কটল্যান্ড** যেটি অপরাধের ভিকটিম বা শিকারকে প্রায়োগিক এবং মানসিক সহায়তা প্রদান করে। স্থানীয় বিবরণের জন্য অফিসের সময়ে 0845 60 39 213 নম্বরে যোগাযোগ করুন অথবা www.victimsupportsco.org.uk ওয়েবসাইটে যান

**সাক্ষী পরিষেবা বা উইটনেস সার্ভিস** যা সব ভিকটিম এবং সাক্ষীদের এবং তাদের পরিবারবর্গ এবং বন্ধুদের আদালতে উপস্থিত হওয়ার সময় মানসিক এবং প্রায়োগিক সহায়তা প্রদান করে। স্থানীয় সাক্ষী পরিষেবা বিবরণের জন্য অনুগ্রহ করে ভিকটিম সহায়তা স্কটল্যান্ড-এর সাথে যোগাযোগ করুন।

এছাড়াও, ভিআইএ (VIA) হয়তো আপনাকে অন্যান্য সহায়তা প্রদানকারী সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করার ক্ষেত্রে সাহায্য করতে পারবে।

## অন্যান্য সূচনা

আপনার যদি অন্য কোন তথ্যের দরকার হয় বা যদি কোন বিষয়ে আপনি অনিশ্চিত থাকেন, তাহলে অনুগ্রহ করে সংলগ্ন চিঠিতে দেওয়া টেলিফোন নম্বরে আপনার স্থানীয় ভিআইএ (VIA) অফিসের সঙ্গে যোগাযোগ করুন।

বৈকল্পিক ভাবে 01389 739557 নম্বরে টেলিফোনের মাধ্যমে আমাদের ইনক্যুয়ারি পয়েন্ট বা তদন্ত কেন্দ্রের স ঙ্গে যোগাযোগ করুন

অথবা আমাদের ওয়েবসাইটটি দেখুন www.copfs.gov.uk-তে

ভিকটিম সূচনা এবং পরামর্শ
ক্রাউন অফিস এবং প্রকিউরেটর ফিসক্যাল পরিষেবার একটি অংশ
© ক্রাউন কপিরাইট 2003 নভেঃ 2006-তে সংশোধিত এপিএস (APS) গ্রুপ স্কটল্যান্ড
DPPAS12586 3/12

# শেরিফ এবং জুরি প্রক্রিয়া সম্বন্ধে সূচনা

**আপনি যদি এই তথ্যটি অন্য ভাষায়, বড় ছাপা হরফে, অডিও, ব্রেইল বা অন্য ফর্মাটে পেতে চান তাহলে অনুগ্রহ করে ভিআইএ (VIA)-এর সঙ্গে যোগাযোগ করুন। আমরা আরএনআইডি (RNID)টেক্সট রিলে প্রেফিক্স 18001-এর মাধ্যমে কলকে স্বাগত জানাই।**

## ভূমিকা

**ভিকটিম সূচনা এবং পরামর্শ** (**VIA**) আপনাকে এই লিফলেট বা প্রচারপত্রটি দিয়েছে কারন আপনি একটি অপরাধের ভিকটিম (শিকার) এবং/অথবা সাক্ষী। বরিষ্ঠ প্রসিকিউশন উকিলগণ (ক্রাউন কাউনসেল) এটা সিদ্ধান্ত নিয়েছেন যে, এই মামলাটি শেরিফ আদালতে অনুষ্ঠিত হবে। শেরিফ এবং জুরি বিচার সভায়, জুরি (জনসাধারণ বা পাব্লিক থেকে 15 জন সদস্য নিয়ে গঠিত হয়) সিদ্ধান্ত গ্রহণ করেন এবং শেরিফ দণ্ডের আদেশ জানান।

শেরিফ এবং জুরি প্রসিডিং বা কার্যবিবরণীতে অভিযুক্তকে একটি অভিযোগপত্র (আইনি তথ্য) দেওয়া হয় যাতে তার বিরুদ্ধে কি অভিযোগ আছে সেগুলি লেখা থাকে। এছাড়াও এতে সাক্ষী, বিষয় বা তথ্যগুলির তালিকা থাকে (যেগুলিকে প্রোডাকশন বলা হয়) যা যে কোন বিচারের ক্ষেত্রে কাজে লাগে।

এই লিফলেট বা প্রচারপত্রে শেরিফ এবং জুরি প্রক্রিয়ার পদক্ষেপগুলির বর্ণনা করা হয়ে থাকে এবং সাক্ষীকে কখন আদালতে উপস্থিত হতে হবে তাও লেখা থাকে।

## ভিআইএ (VIA) সম্বন্ধে

ভিআইএ (VIA) প্রচারপত্র–*আমরা কিভাবে আপনাকে সাহায্য করতে পারি,* এতে ভিআইএ (VIA) কি করে এবং আপনাকে সাহায্য করার জন্য আমরা কি করতে পারি তার ব্যাখ্যা থাকে।

আপনি যদি ভিআইএ (VIA) -এর সাহায্য না চান, তাহলে দয়া করে আমাদের শুধু জানিয়ে দেবেন। এরপর যদি আপনার মন পরিবর্তন হয়, অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করবেন।

আমরা আশা করি যে এই প্রচারপত্রটির দ্বারা আপনার মনে থাকা কিছু প্রশ্নের উত্তর পাবেন। আপনার যদি অন্য কিছু জানার থাকে বা কোন বিষয়ে অনিশ্চিত থাকেন তাহলে অনুগ্রহ করে আমাদের জিজ্ঞাসা করবেন।

বিভাগ যেগুলিতে আদালত প্রক্রিয়ার বিভিন্ন ধাপগুলি ব্যাখ্যা করা হয়েছে।

## প্রথম আলোচনা

**(যেসব সাক্ষীদের মামলা চলাকালীন সাক্ষ্য প্রদানের জন্য ডাকা হতে পারে, তাদেরকে উপস্থিত হতে মানা করা হয় কারণ এর ফলে মামলাতে পক্ষপাত হতে পারে)**

এই শুনানীতে প্রসিকিউশন এবং বাদী পক্ষ শেরিফকে জানাবে যে তারা কি মামলাটি বিচারে নিয়ে যাওয়ার জন্য প্রস্তুত। যদি তারা প্রস্তুত থাকেন তাহলে শেরিফ বিচারের জন্য একটি তারিখ নির্দিষ্ট করবেন।

যদি তারা প্রস্তুত না থাকেন তাহলে মামলাটি "চালু রাখা" হবে। এই অর্থ হলো আর একটি আদালতের শুনানীর ব্যবস্থা করা হবে। একবারের চেয়েও বেশি এরকম হতে পারে। প্রসিকিউশন এবং বাদী পক্ষ সম্পূর্ণ প্রস্তুত হওয়ার পরেই বিচারের তারিখ ঠিক করা হবে।

প্রথম আলোচনাতেই অভিযুক্ত ব্যক্তি দোষ স্বীকার করে নিতে পারে। যদি তারা স্বীকার করে, তাহলে শেরিফ তখনই দণ্ডাদেশ জানাতে পারেন অথবা পরবর্তী একটি তারিখ পর্যন্ত মামলাটি এডজর্ন বা স্থগিত করে রাখতে পারেন। (দণ্ডাদেশ বিভাগটি দেখুন)।

অভিযুক্ত ব্যক্তি যদি দোষ স্বীকার না করে, তাহলে শেরিফ এবং জুরি সিটিং-এর সময় মামলাটি বিচারের জন্য রাখা হবে। একটি নির্দিষ্ট সময়সীমার ভিতরে অনেকগুলি মামলার বিচার তালিকাভুক্ত থাকে। আপনাকে প্রভাবিত করা মামলাটির বিচারও আরম্ভ হবে এই সময়সীমার ভিতরে। কখন তা হবে তা ভিআইএ (VIA) আপনাকে জানাবে।

## বিচার

**(সাক্ষীদের অবশ্যই উপস্থিত থাকতে হবে)**

আপনাকে যদি সাক্ষ্য দিতে হয়, তাহলে আপনাকে একটি সাক্ষীর নথি (চিঠি) পাঠানো হবে, এতে তারিখ এবং সময় লেখা থাকবে যে, কখন আপনাকে আদালতে আসতে হবে। ঐ তারিখে আপনি যদি আদালতে আসতে না পারেন, তাহলে অবশ্যই যত শীঘ্র সম্ভব ফিসক্যাল বা ভিআইএ (VIA) -র সঙ্গে যোগাযোগ করবেন।

এই চিঠির সঙ্গে আপনাকে *শেরিফ এবং জুরি আদালতে সাক্ষী হওয়ার* জন্য একটি বুকলেট পাঠানো হবে। এতে লেখা থাকবে যে আদালতে কি নিয়ে আসতে হবে, আপনি ওখানে আসার পর কি হবে, এবং আপনি কত টাকা খরচ হয়েছে বলে দাবী করতে পারবেন।

আপনাকে আদালত কক্ষে ডাকার আগে হয়তো কিছুক্ষণ আদালতে বসে থাকতে হতে পারে। বিচারটি কিভাবে অগ্রসর হচ্ছে এর উপর নির্ভর করে আপনাকে হয়তো সাক্ষী প্রদানের জন্য ডাকা নাও হতে পারে বা আপনাকে অন্য আরেকটি তারিখে আসার জন্য বলা হতে পারে।

বিচারে, জুরি সব সাক্ষ্যগুলি শুনবেন এবং সিদ্ধান্ত নেবেন যে তাদের নির্ণয়টা কি **দোষী**, **দোষী নয়** বা **প্রমাণিত হয়নি**। নির্ণয়টা যদি দোষী না হয় বা প্রমাণিত না হয়, তাহলে অভিযুক্ত ব্যক্তি আদালত থেকে চলে যেতে পারেন এবং এখানেই মামলার সমাপ্তি হবে। অভিযুক্ত যদি দোষ স্বীকার করেন বা তাকে দোষী সাব্যস্ত করা হয়, তাহলে তখনই বা পরের কোন তারিখে তাদের দণ্ডের আদেশ দেওয়া হবে।

## অভিযুক্তের দ্বারা দোষ স্বীকার

অভিযুক্ত প্রথম আলোচনার দিন বা বিচার চলাকালীন দোষ স্বীকার করতে পারেন। ভিআইএ (VIA) যদি জানতে পারে যে, অভিযুক্ত এরকম করবে, তাহলে আপনাকে জানানোর জন্য আমরা সবরকমের চেষ্টা করবো। কিন্তু অভিযুক্ত ব্যক্তি শেষ মূহূর্তে দোষ স্বীকার করার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন। এছাড়াও, আদালতে পৌছে দোষ স্বীকার না করা পর্যন্ত, তাদের মন পরিবর্তন হতে পারে।

## অতিরিক্ত সহায়তা

ক্রিমিনাল জাস্টিস সিস্টেম বা অপরাধী ন্যায় প্রক্রিয়াতে জড়িত হওয়া নিরুৎসাহজনক হতে পারে এবং আপনি বিচারে সাক্ষী প্রদান করার সময় নার্ভাস বা হতবুদ্ধি হয়ে যেতে পারেন। আপনি হয়তো জানবেন না যে কি আশা করা উচিত।

সাক্ষী পরিষেবা আদালতে সাক্ষীদের জন্য প্রায়োগিক সহায়তা প্রদান করে থাকে। ভিআইএ (VIA) বিচারের পূর্বে আপনাকে দেখানোর জন্য সাক্ষী পরিষেবার ব্যবস্থা করতে পারে। আমরা আপনাকে জিজ্ঞাসা করবো যে, আমরা আপনার জন্য এটির ব্যবস্থা করি তা আপনি চান কি না।

**এছাড়াও ভিআইএ (VIA) সাহায্য করতে পারে যদি:**

- আপনার প্রথম বা পছন্দের ভাষাটি ইংরেজি না হয় এবং এর ফলে তথ্যগুলি বোঝার ক্ষেত্রে বা সাক্ষী প্রদানের ক্ষেত্রে আপনার সাহায্যের দরকার হয়।
- আদালতে যাওয়ার ক্ষেত্রে বা আদালতে আপনি কোন সমস্যায় পড়েন
- আপনার মনে হয় যে আপনার সাক্ষী প্রদানের ক্ষেত্রে কারো সাহায্যের দরকার আছে।

আপনার যদি কোন উদ্বেগ বা বিশেষ প্রয়োজনীয়তা থাকে তাহলে অনুগ্রহ করে ভিআইএ (VIA) কে জানান। কি সহায়তা প্রদান করা যেতে পারে তা নিয়ে আমরা আলোচনা করবো, এবং এটা নিশ্চিত করবো যে, ফিসক্যাল এবং আদালত এই বিষয়গুলি সম্পর্কে অবগত আছেন।